



WEST BENGAL STATE UNIVERSITY
B.A. Honours 5th Semester Examination, 2020, held in 2021

BNGACOR11T-BENGALI (CC11)

Time Allotted: 2 Hours

Full Marks: 50

প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রশ্নের মান নির্দেশ করে।
পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথাসম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।

- ১। প্রতিটি একক থেকে একটি করে মোট চারটি প্রশ্নের (অনধিক ৩০০ শব্দে) উত্তর দাওঃ ১০×৪= ৪০
- একক - ১**
- (ক) 'এই প্রথম ঐতিহাসিক উপন্যাস লিখিলাম'— বঙ্কিমচন্দ্রের এই বক্তব্যের প্রেক্ষিতে 'রাজসিংহ'-কে একটি সফল ঐতিহাসিক উপন্যাস বলা যায় কি-না আলোচনা করো। ১০
- অথবা
- (খ) 'জেবউন্নিসা সম্রাট প্রাসাদের অবরুদ্ধ অচেতন আরামগর্ভ হইতে তীব্র যন্ত্রণার পর ধুলায় ভূমিষ্ঠ হইয়া উদার জগতীতলে জন্মগ্রহণ করিল। এখন হইতে সে অনন্ত জগৎবাসিনী রমণী।' — এই উক্তির ইঙ্গিত অনুসরণ করে 'রাজসিংহ' উপন্যাসের জেবউন্নিসা চরিত্রটির পরিণতি বিশ্লেষণ করো। ১০
- একক - ২**
- (গ) রাজনৈতিক উপন্যাস হিসেবে শরৎচন্দ্রের 'পথের দাবী' কতখানি সার্থকতা অর্জন করেছে — সে বিষয়ে তোমার মতামত জানাও। ১০
- অথবা
- (ঘ) দ্বন্দ্ব থেকে উত্তরণের অ-পূর্ব আখ্যান অপূর্ব চরিত্রটিকে কেন্দ্র করে রচিত হয়েছে। — শরৎচন্দ্রের 'পথের দাবী' অনুসরণে মন্তব্যটির যথার্থতা নির্দেশ করো। ১০
- একক - ৩**
- (ঙ) তারাক্ষরের 'গণদেবতা' উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার করো। প্রসঙ্গত, 'গণদেবতা' ও 'চণ্ডীমণ্ডপ' -এ দুটি শিরোনামের মধ্যে কোনটি সার্থকতর তা' বিশ্লেষণ করে দেখাও। ১০
- অথবা
- (চ) দেবু ঘোষের আদর্শবাদের বৃত্তটি বিচিত্র ঘটনা-সংঘাতের মধ্যে দিয়ে কীভাবে ক্রমপ্রসারিত হয়েছে তা দেখাও। ১০
- একক - ৪**
- (ছ) 'পদ্মানদীর মাঝি' উপন্যাসে জেলেদের জীবন-চিত্রণে ঔপন্যাসিকের দৃষ্টিভঙ্গির পরিচয় দাও। ১০

অথবা

- (জ) 'বাংলা উপন্যাসের নারী চরিত্র সৃষ্টির ধারাবাহিকতায় কপিলা চরিত্র মানিক বন্দ্যোপাধ্যায়ের এক মৌলিক সংযোজন।' – আলোচনা করো। ১০
- ২। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ (প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ১৫০ হবে) ৫×২=১০
- (ক) 'যাহাকে আমার বিবাহ করিতে ইচ্ছা করে, তাহার চিত্র ত তুমি পা দিয়া ভাঙ্গিয়া ফেলিয়াছ।' ১+১+১+২
– কে, কাকে, কোন্ প্রসঙ্গে একথা বলেছে? বক্তার অভিপ্রায়টি ব্যক্ত করো।
- (খ) 'কিন্তু আমি বলি তাতে কাজ নেই – ভারতী ঐর ভার নিন। এই দুর্বল মানুষটিকে একটু মজবুত করে গড়ে তুলুন। কি বল সুমিত্রা?' ১+১+১+২
– কার সম্পর্কে এই উক্তি? বক্তা কে? প্রসঙ্গ উল্লেখ করে বক্তার এইরূপ সিদ্ধান্তগ্রহণের কারণ ব্যাখ্যা করো।
- (গ) 'আজিকার এই ক্ষুদ্র ঘটনাটি যেন বটবৃক্ষের অতিক্ষুদ্র একটি বীজকণার সঙ্গে তুলনীয়। কিন্তু সেই এক কণার মধ্যেই লুকাইয়া আছে এক বিরাট মহীরুহের সম্ভাবনা।' ২+৩
– 'ক্ষুদ্র ঘটনাটি' কী? 'বিরাট মহীরুহের সম্ভাবনা'-এর নিহিত ব্যঞ্জনাটি পরিস্ফুট করো।
- (ঘ) 'বিপদে আপদে মুখ চাহিবার একজন আছে কুবেরের, তার কাছে গিয়া দাঁড়াইবে।' ১+৪
– কুবেরের 'একজন' কে? কীভাবে সে কুবেরের একজন হয়ে উঠেছে তা সংক্ষেপে লেখো।

N.B. : Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.